

দৈনিক কাকত

তারিখ
পৃষ্ঠা

এসএসসি শরাসাখাদের কাছ থেকে ফরম পূরণে আদায় করা হচ্ছে অতিরিক্ত ৭০ কোটি টাকা !

পরিক্ষাজ্ঞামান পিকু

দে শজুড়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত আদায় করা হচ্ছে অন্তত ৭০ কোটি টাকা। প্রায় আট লাখ পরীক্ষার্থীর মধ্যে সাত লাখের কাছ থেকে গড়ে এক

হাজার টাকা হিসাবে এই বিপুল অর্থ হাতিয়ে নেয়া হচ্ছে কোচিংসহ নানা ফীসের নামে। অতিরিক্ত আদায় করা এই অর্থের সিংহভাগই চলে যায় শিক্ষকদের পকেটে। মাধ্যমিক স্কুলে ফরম পূরণের একেবার শেষ মুহূর্তে এসে শিক্ষা মন্ত্রণালয়ের নজরে পড়েছে বিষয়টি। গত রবিবার

(১. পর্যা ১.১.১০০০ কং দেশনা)

এসএসসি পরীক্ষার্থীদের

(প্রথম পাতার পর)

এক তথ্য বিবরণীতে মন্ত্রণালয় কোচিং ফীসহ অন্যান্য ফীসের নামে অতিরিক্ত অর্থ আদায় থেকে বিরত থাকার জন্য সরকারী ও বেসরকারী মাধ্যমিক স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। এই নির্দেশ যখন দেয়া হলো তখন ফরম পূরণ প্রায় শেষ, ইতোমধ্যে অভিভাবকদের পকেট থেকে অতিরিক্ত অর্থও বের করে নেয়া হয়েছে। তাই একজন অভিভাবক জনকণ্ঠকে বলেছেন, শিক্ষা মন্ত্রণালয় আজরিক হলে অতিরিক্ত অর্থ নিয়ে ফরম পূরণের কাজ সেবে ফেলা স্কুলগুলোকে এই অর্থ ফেরত দেবার নির্দেশ দিয়ে দৃষ্টান্ত স্থাপন করতে পারে। এদিকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগে ঝালকাঠির